



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com



স্মারক নং- ৩/কল/দিন/১৬২/৪০৬৯

তারিখ: ২০/০১/২০২২ খ্রি.

বিষয় : উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০০১.১৭.৭০১, তারিখ: ১৯/১২/২০২১খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার খানসামা উপজেলাধীন “ছাতিয়ানগড় স্কুল এন্ড কলেজ” -এর নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ ০১/০৭/২০২১ তারিখ হতে ৩০/০৬/২০২৩ তারিখ পর্যন্ত মোট ০২ (দুই) বছর মেয়াদে উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রথম অস্থায়ী স্বীকৃতির অনুমতি প্রদান করা হলো।

শাখাসমূহ :

১। মানবিক, ২। ব্যবসায় শিক্ষা, ৩। বিজ্ঞান।

বিষয়সমূহ :

- আবশ্যিক :
- ১। বাংলা।
 - ২। ইংরেজি।
 - ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।
- (ক) মানবিক শাখা :
- ১। পৌরনীতি ও সুশাসন।
 - ২। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।
 - ৩। ইতিহাস।
 - ৪। সমাজবিজ্ঞান।
- (খ) বিজ্ঞান শাখা :
- ১। পদার্থবিজ্ঞান।
 - ২। রসায়ন।
 - ৩। জীববিজ্ঞান।
 - ৪। উচ্চতর গণিত।
- (গ) ব্যবসায় শিক্ষা শাখা :
- ১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা।
 - ২। হিসাববিজ্ঞান।
 - ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন।
- (ঘ) সকল শাখার জন্য :
- ১। কৃষি শিক্ষা।

শর্তসমূহ:


- ১। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ২। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ৩। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)- শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষন পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষন করতে হবে।
- ৪। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিষ্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ৫। কলেজের জন্য নিয়মিত গভর্নিং বডি গঠন করে যথাসময়ের মধ্যে গভর্নিং বডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে।

- ৬। উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ৩ (তিন) মাসে গভর্নিং বডির ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
- ৭। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে;
 - ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট
 - খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
 - গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ৮,০০০/- (আট হাজার) টাকা বোর্ডের সচিব-এ অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে।
- ৮। প্রতি বিষয়ে কমপক্ষে ২৫ জন করে ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে।
- ৯। গবেষণাগার ও গ্রন্থাগারে আরো প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতি ও বই পুস্তকের সংখ্যা বাড়াতে হবে।
- ১০। অধ্যক্ষ ও শিক্ষক সারণী বোর্ড অফিস কক্ষে প্রদর্শন করতে হবে।
- ১১। অফিস কক্ষে চলতি সেশনের সকল শ্রেণীর ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং বিগত তিন বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলের তালিকা সারণী বোর্ডে উল্লেখ থাকতে হবে।
- ১২। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ১৩। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- ১৪। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ১৫। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ১৬। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ১৭। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

অধ্যক্ষ,

ছাতিয়ানগড় স্কুল এন্ড কলেজ, (EIIN- 120620)
ডাকঘর : পাকেরহাট
উপজেলা : খানসামা, জেলা : দিনাজপুর।


কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।


স্মারক নং- ৩/কল/দিন/১৬২/৪০৬৯(৯)

তারিখ: ২০/০১/২০২২ খ্রি.


সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
- ৫। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর, রাজশাহী।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
- ৮। ওয়েব সাইট কপি।
- ৯। অফিস কপি।

চেয়ারম্যানের আদেশক্রমে


কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।


২০/০১/২২